গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ............................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ...................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................................................................ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ...................................... ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .............................. ২১

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

**সাম্প্রতিক অর্জন**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় দেশের জনগণের দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি মোকাবেলা ও সামাজিক নিরাপত্তামূলক কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। দুর্যোগজনিত কার্যক্রম পরিচালনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ প্রণয়ন করা হয়েছে। এ আইনের আলোকে দুর্যোগ ব্যবস্থাপনা (কমিটি গঠন ও কার্যাবলি) বিধিমালা, ২০১৫ জারি করা হয়েছে। ইতোপূর্বে ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নীতিমালা প্রণীত হয়। দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী আদেশাবলিতে (এসওডি) ঝুঁকিহ্রাসমূলক কর্মসূচি, জরুরি মানবিক সহায়তা, অগ্নি, ভূমিকম্প ও সুনামি অধ্যায় সংযোজন করে বাংলায় প্রকাশ করা হয়েছে। আইভিআর প্রযুক্তির মাধ্যমে মোবাইল ফোনে ১০৯৪১ নম্বরে ডায়াল করে হালনাগাদ দুর্যোগের পূর্বাভাস ও আবহাওয়া বার্তা জানানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অতি দরিদ্রদের কর্মসূচির আওতায় গত তিন বছরে প্রায় ২২.০০ লক্ষ হতদরিদ্র গ্রামীণ বেকার শ্রমিকের জন্য আশি দিনের কর্মসংস্থান নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে, যার এক তৃতীয়াংশ মহিলা।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

জলবায়ু পরিবর্তনের কারণে ঘূর্ণিঝড়, বন্যা, খরা, নদী ভাঙ্গন, জলোচ্ছাস, অগ্নিকান্ড ও ভূমিধ্বস সহ বিভিন্ন প্রাকৃতিক এবং নতুন নতুন দুর্যোগের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। এতে বিশেষ করে দরিদ্র মানুষের দুর্ভোগ বাড়ছে। দুর্যোগের ঝুঁকিহ্রাস এবং দুর্যোগ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী সাড়াদান দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করে। এক্ষেত্রে চ্যালেঞ্জ হল-দুর্যোগে জনগণের সচেতনতা বৃদ্ধি, দুর্যোগ মোকাবেলায় কলাকৌশল রপ্ত করা, গবেষণা ও প্রযুক্তির যথার্থ ব্যবহার এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত সার্বিক পরিকল্পনা। আরেকটি সমস্যা হল বিভিন্ন মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির সমন্বয়হীনতা। তাছাড়া আন্তর্জাতিক সহযোগিতা এবং দুর্যোগ মোকাবেলায় বিভিন্ন দেশের অভিজ্ঞতা বিনিময় একান্ত অপরিহার্য।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ সংশোধন করে সময়োপযোগী করা হবে এবং এ আইনের আওতায় প্রয়োজনীয় বিধি প্রণয়ন করা হবে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০১০-১৫ এর মেয়াদ এ বছর অতিক্রান্ত হবে বিধায় ২০১৬-২০২০ মেয়াদের জন্য একটি নতুন পরিকল্পনা প্রণয়ন করা হবে। দুর্যোগ কবলিত মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং গ্রামীণ অতিদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করা হবে। এছাড়া, দুর্যোগ কবলিত জনগণের ঝুঁকিহ্রাসকল্পে উপকূলীয় এলাকায় সাইক্লোন শেল্টার এবং বন্যা কবলিত এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। জনগণকে সচেতন করার জন্য সারাদেশে দুর্যোগ মহড়া ও প্রশিক্ষণ অব্যাহত রাখা হবে।

**২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ১. দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধনের খসড়া এবং দুর্যোগ ব্যবস্থাপনা নীতি প্রণয়ন;
- ২. ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) গঠনের সাংগঠনিক কাঠামোর খসড়া প্রণয়ন;
- ৩. ৭.৪০ লক্ষ অতিদরিদ্রদের কর্মসংস্থান সৃষ্টি;
- ৪. নতুন বহুমুখি ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ;
- ৫. ভূমিকম্প এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রম পরিচালনায় ২৭ টি যন্ত্রপাতি সংগ্রহ;
- ৬. দুর্যোগ স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ প্রস্তুত; এবং
- ৭. সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রণয়ন ।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

প্রাকৃতিক, জলবায়ুজনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভাব বিপদাপন্ন জনগোষ্ঠীর সহণীয় পর্যায়ে কমিয়ে আনা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠির ঝুঁকি হ্রাস এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবেলায় সক্ষম একটি দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন;
২. ঝুঁকিতে থাকা জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি;
৩. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ;
৪. জরুরি সাড়াদান পদ্ধতিসমূহ শক্তিশালীকরণ;
৫. আঞ্চলিক ও বিশ্বব্যাপী নেটওয়ার্ক জোরদারকরণ;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. দুর্যোগ ঝুঁকিহ্রাস, জরুরি সাড়া প্রদান এবং দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আইন, নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

২. জরুরি মানবিক সহায়তা ও পুনর্বাসন সংক্রান্ত নীতি ও পরিকল্পনা প্রণয়ন এবং সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণ করা;

৩. দুর্যোগ ঝুঁকিহ্রাস পরিকল্পনা প্রণয়ন, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম গ্রহণ এবং এর সঙ্গে সম্পৃক্ত স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় সাধন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন;

৪. কাজের বিনিময়ে খাদ্য (গ্রামীণ অবকাঠামো সংস্কার) কর্মসূচি, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেস্ট রিলিফ), ভি.জি.এফ, জি.আর এবং এ ধরনের অন্যান্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মানবিক সহায়তা প্রদান;

৫. অতি দরিদ্রদের ঝুঁকি হ্রাসকল্পে বছরের বিভিন্ন সময়ে কর্মাভাবকালে (Lean Period) কর্মসংস্থান নিশ্চিত করা;

৬. বৈদেশিক সূত্র হতে প্রাপ্ত খাদ্য ও অন্যান্য জরুরি মানবিক সহায়তা ব্যবহার ও বিতরণ সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন;

৭. শরনার্থী বিষয়ক কর্মসূচি বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয় সাধন;

৮. দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে ক্ষুদ্র ব্রিজ/কালভার্ট এবং বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ ও মেরামত; এবং

৯. জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে দুর্যোগ সম্পৃক্ত সকল কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৬.৫ | ৭.০ | ৭.৪ | ৭.৫ | ৭.৬ | | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| দুর্যোগ কবলিত জনগনের ঝুঁকিহ্রাস | আশ্রয়কেন্দ্রের ধারণক্ষমতা | হাজার বর্গমিটার | ৭.৫ | ৬৬.০ | ৪০.০ | ৫২.০ | ৪০.০ | স্থানীয় সরকার বিভাগ/শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| দুর্যোগ আক্রান্তদের খাদ্য নিরাপত্তা | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২০৫.০ | ২১০.০ | ২৫০.০ | ২৬০.০ | ২৭০.০ | খাদ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন: | ২৫ | [১.১] দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধনের খসড়া প্রণয়ন | [১.১.১] খসড়া প্রণীত | তারিখ | ১.০০ | | | ০১-০৬-২০১৬ | ০৮-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ২২-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [১.২] দুর্যোগ ব্যবস্থাপনা নীতি প্রণয়ন | [১.২.১] নীতি প্রণীত | তারিখ | ৪.০০ | | | ৩০-০৯-২০১৫ | ৩০-১০-২০১৫ | ৩০-১১-২০১৫ | ৩০-১২-২০১৫ | ৩০-০১-২০১৬ | | |
| | | [১.৩] দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল ব্যবস্থাপনা বিধিমালা প্রণয়ন | [১.৩.১] বিধিমালা প্রণীত | তারিখ | ৩.০০ | | | ৩০-০৫-২০১৬ | ০৮-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ২২-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [১.৪] দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (২০১৬-২০২০) খসড়া প্রণয়ন | [১.৪.১] খসড়া প্রণীত | তারিখ | ৩.০০ | | | ০১-০৪-২০১৬ | ০২-০৫-২০১৬ | ০১-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [১.৫] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট পরিচালনা বিধিমালার খসড়া প্রণয়ন | [১.৫.১] খসড়া প্রণীত | তারিখ | ২.০০ | | | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৮-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | | |
| | | [১.৬] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট এর কর্মকর্তা/কর্মচারি নিয়োগ বিধিমালার খসড়া প্রণয়ন | [১.৬.১] খসড়া প্রণীত | তারিখ | ২.০০ | | | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৮-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | | |
| | | [১.৭] ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) গঠনের সাংগঠনিক কাঠামোর প্রথম খসড়া প্রণয়ন | [১.৭.১] খসড়া প্রণীত | তারিখ | ২.০০ | | | ৩১-০৩-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৮] ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) সাংগঠনিক কাঠামোর খসড়া প্রণয়ন | [১.৮.১] খসড়া প্রণীত | তারিখ | ২.০০ | | | ৩০-১২-২০১৫ | ১৫-০১-২০১৬ | ৩০-০১-২০১৬ | ১৫-০২-২০১৬ | ২৮-০২-২০১৬ | | |
| | | [১.৯] দুর্যোগ পরবর্তীতে ধ্বংসস্তুপ ব্যবস্থাপনা পরিকল্পনার খসড়া প্রণয়ন | [১.৯.১] খসড়া প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [১.১০] দুর্যোগ পরবর্তী মৃতদেহ ব্যবস্থাপনা খসড়া নীতিমালা প্রণয়ন | [১.১০.১] খসড়া প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [১.১১] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [১.১১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৪.০০ | ২০৫ | ২২০ | ৩০০ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ৩৫০ | ৪০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি: | ২৪ | [২.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিখা) | [২.১.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২.০০ | ১১.৫০ | ১২.০০ | ১২.৪০ | ১২.৩০ | ১২.২০ | ১২.১০ | ১২.০০ | ১৩.০০ | ১৩.১০ |
| | | [২.২] গ্রামীণ অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ (টিআর) | [২.২.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২.০০ | ১২.৫০ | ১৩.৫০ | ১৩.৯০ | ১৩.৮০ | ১৩.৭০ | ১৩.৬০ | ১৩.৫০ | ১৪.২৫ | ১৪.৩৫ |
| | | [২.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [২.৩.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২.০০ | ২০৫ | ২১০ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ২৬০ | ২৭০ |
| | | [২.৪] অতি দরিদ্র জনগোষ্ঠির জন্য কর্মসংস্থান সৃষ্টি | [২.৪.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৩.০০ | ৬.৫০ | ৭.০০ | ৭.৪০ | ৭.৩০ | ৭.২০ | ৭.১০ | ৭.০০ | ৭.৫০ | ৭.৬০ |
| | | [২.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [২.৫.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২.০০ | ২৫.০০ | ৩০.০০ | ৩৪.০০ | ৩৩.০০ | ৩২.০০ | ৩১.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ৩৬.০০ |
| | | [২.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/ কালভার্ট নির্মাণ | [২.৬.১] নির্মিত ব্রিজ/কালভার্ট | হাজার মিটারে | ৪.০০ | ১০.০০ | ১১.৫০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৭.৫০ | ১২.০০ | ১৩.০০ |
| | | [২.৭] বহুমুখী ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [২.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | হাজার বর্গ মিটারে | ২.০০ | ৭.৫০ | ৬৬.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ২৫.০০ | ২০.০০ | ৫২.০০ | ৪০.০০ |
| | | [২.৮] ভূমিকম্প সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রমের জন্য যন্ত্রপাতি সংগ্রহ | [২.৮.১] সংগৃহিত যন্ত্রপাতি | সংখ্যা | ২.০০ | | | ২৭ | ২৫ | ২৩ | ২১ | ২০ | ১২৫০ | |
| | | [২.৯] দুর্যোগ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [২.৯.১] সোলার প্যানেল | সংখ্যা | ৩.০০ | | ৪৮৫০ | ৭০০০ | ৬০০০ | ৫৫০০ | ৫০০০ | ৪৮৫০ | ৯০০০ | ১১০০০ |
| | | [২.১০] উপকূলীয় এলাকায় ৩০টি মোবাইল স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট সংযোজন | [২.১০.১] সংযোজিত প্ল্যান্ট | তারিখ | ২.০০ | | | ৩০-১১-২০১৫ | ৩০-১২-২০১৫ | ৩০-০১-২০১৬ | ২৮-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ: | ১৮ | [৩.১] দুর্যোগ স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ প্রস্তুত | [৩.১.১] প্রস্তুতকৃত | তারিখ | ৫.০০ | | | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৩.২] ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (NDMIS) ওয়েবসাইট চালু | [৩.২.১] চালুকৃত ওয়েবসাইট | তারিখ | ৫.০০ | | | ১৫-০৪-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | | |
| | | [৩.৩] সাইক্লোন শেল্টার ডাটাবেজ প্রস্তুত | [৩.৩.১] প্রস্তুতকৃত | তারিখ | ৪.০০ | | | ১৫-১২-২০১৫ | ১৫-০১-২০১৬ | ১৫-০২-২০১৬ | ১৫-০৩-২০১৬ | ১৫-০৪-২০১৬ | | |
| | | [৩.৪] ই-লাইব্রেরি প্রতিষ্ঠা | [৩.৪.১] লাইব্রেরি প্রতিষ্ঠিত | তারিখ | ৪.০০ | | | ৩১-১০-২০১৫ | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৮-০২-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] জরুরি সাড়াদান পদ্ধতিসমূহ শক্তিশালীকরণ: | ১২ | [৪.১] ভিডিও কনফারেন্সিং সংযুক্তির মাধ্যমে এনডিআরসিসি শক্তিশালী করণ | [৪.১.১] সংযোজিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম | তারিখ | ২.০০ | | | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৮-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | | |
| | | [৪.২] জরুরি সাড়াদান পরিকল্পনা প্রণয়ন | [৪.২.১] প্রণীত পরিকল্পনা | ডকুমেন্টের সংখ্যা | ১.০০ | ১ | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৪.৩] পরিক্ষামূলক ভাবে অনলাইনে দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ | [৪.৩.১] চাহিদা নিরূপিত আওতাভুক্ত জেলা | সংখ্যা | ২.০০ | | | ১৩ | ১১ | ৯ | ৭ | ৫ | | |
| | | [৪.৪] মাল্টি হ্যাজারড রিস্ক এন্ড ভালন্যারেবিলিটি এসেসমেন্ট (MRVA) | [৪.৪.১] এসেসমেন্ট রিপোর্ট | তারিখ | ২.০০ | | | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৪.৫] জেলার শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়া আয়োজন | [৪.৫.১] আয়োজিত মহড়া | সংখ্যা | ২.০০ | ৬৪ | ৬৪ | ৬৪ | ৬১ | ৬০ | ৫৮ | ৫৫ | ৭০ | ৮০ |
| | | [৪.৬] উপকূলীয় এলাকায় আশ্রয়কেন্দ্র ভিত্তিক দুর্যোগ মহড়া আয়োজন | [৪.৬.১] আয়োজিত মহড়া | সংখ্যা | ২.০০ | ৭ | ৯ | ১৩ | ১২ | ১১ | ১০ | ৯ | ২০ | ৩০ |
| | | [৪.৭] সিপিপি'র নতুন ইউনিট গঠন ও স্বেচ্ছাসেবক নিয়োগ | [৪.৭.১] নিয়োগকৃত স্বেচ্ছাসেবক | সংখ্যা | ১.০০ | | | ৫৮৯৫ | ৫৫০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | | |
| [৫] আঞ্চলিক ও বিশ্বব্যাপী নেটওয়ার্ক জোরদারকরণ: | ৪ | [৫.১] সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন | [৫.১.১] প্রণীত কর্মপরিকল্পনা | তারিখ | ২.০০ | | | ৩০-০৫-২০১৬ | ০৭-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ২১-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৫.২] সেন্দাই ফ্রেমওয়ার্ক বোধগম্য করার জন্য স্থানীয় ভাষায় অনুবাদ | [৫.২.১] অনুদিত ফ্রেমওয়ার্ক | তারিখ | ২.০০ | | | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৮-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | ৩০-০৪-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাসমূহে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

২০/০৭/১৫ খ্রিঃ
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

২০/০৭/২০১৫
তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এসওডি | স্ট্যান্ডিং অর্ডারস্ অন ডিজাস্টারস্ (দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি) |
| ২ | আইভিআর | ইন্টারেকটিভ ভয়েস রেসপন্স |
| ৩ | এসএমএস | শর্ট মেসেজ সার্ভিস |
| ৪ | এনইওসি | ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার |
| ৫ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৬ | টিআর | টেস্ট রিলিফ |
| ৭ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ৮ | এনডিএমআইএস | ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৯ | এনডিআরসিসি | ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কোর্ডিনেশন সেন্টার |
| ১০ | এমআরভিএ | মাল্টিহ্যাজারড্ রিস্ক ভালন্যারেবিলিটি এসেসমেন্ট |
| ১১ | সিপিপি | সাইক্লোন প্রিপায়ের্ডনেস প্রোগ্রাম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধনের খসড়া প্রণয়ন | [১.১.১] খসড়া প্রণীত | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ কে সময়োপযোগী এবং হালনাগাদ করার জন্য সংশোধন প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] দুর্যোগ ব্যবস্থাপনা নীতি প্রণয়ন | [১.২.১] নীতি প্রণীত | দুর্যোগ ব্যবস্থাপনায় সুশাসন আনয়ন এবং সম্পৃক্ত সকল স্তরের জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় /দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল ব্যবস্থাপনা বিধিমালা প্রণয়ন | [১.৩.১] বিধিমালা প্রণীত | দুর্যোগ পূর্ব, দুর্যোগকাল বা দুর্যোগের পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং ত্রাণ কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য প্রয়োজনীয় তহবিল সংগ্রহ এবং এর সঠিক ব্যবহারের উদ্দেশ্যে এই বিধিমালা প্রণয়ন করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (২০১৬-২০২০) খসড়া প্রণয়ন | [১.৪.১] খসড়া প্রণীত | দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (২০১০-২০১৫) ইতোমধ্যে অতিক্রান্ত হচ্ছে। এমতাবস্থায় পরিকল্পনাটি আগামী পাঁচ বছরের (২০১৬-২০২০) জন্য বাংলাদেশের প্রেক্ষাপট এবং সেন্দাই ফ্রেমওয়ার্ক এর আলোকে সময়োপযোগী করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট পরিচালনা বিধিমালার খসড়া প্রণয়ন | [১.৫.১] খসড়া প্রণীত | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট পরিচালনার নিমিত্ত এ বিধিমালা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট এর কর্মকর্তা/কর্মচারি নিয়োগ বিধিমালার খসড়া প্রণয়ন | [১.৬.১] খসড়া প্রণীত | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট এর কর্মকর্তা/কর্মচারিদের নিয়োগের উদ্দেশ্যে এ বিধিমালা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) গঠনের সাংগঠনিক কাঠামোর প্রথম খসড়া প্রণয়ন | [১.৭.১] খসড়া প্রণীত | দুর্যোগকালীন ও দুর্যোগোত্তর পরিস্থিতিতে অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম পরিচালনা, সমন্বয়, নির্দেশনা এবং মনিটরিং করার জন্য উচ্চমাত্রার ভূমিকম্প সহনশীল ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার প্রতিষ্ঠার প্রয়োজনে সাংগঠনিক কাঠামো প্রণয়ন দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৮] ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) সাংগঠনিক কাঠামোর খসড়া প্রণয়ন | [১.৮.১] খসড়া প্রণীত | ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর কর্মকর্তা/কর্মচারি এবং স্বেচ্ছাসেবকদের পরিচালনার সুবিধার্থে সাংগঠনিক কাঠামো প্রয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৯] দুর্যোগ পরবর্তীতে ধ্বংসস্তুপ ব্যবস্থাপনা পরিকল্পনার খসড়া প্রণয়ন | [১.৯.১] খসড়া প্রণীত | ভূমিকম্পসহ বড় ধরণের দুর্যোগ পরবর্তী সৃষ্ট ধ্বংসস্তুপ অপসারণে সুষ্ঠু ও সমন্বিত ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১০] দুর্যোগ পরবর্তী মৃতদেহ ব্যবস্থাপনা খসড়া নীতিমালা প্রণয়ন | [১.১০.১] খসড়া প্রণীত | দুর্যোগের ধরণ ও জীবনহানির পরিমাণের ওপর ভিত্তি করে মৃতদেহ ব্যবস্থাপনার কাজগুলো স্থানীয়, জেলা ও জাতীয় পর্যায়ের সমন্বয়ের প্রয়োজনে এ নীতিমালা প্রণয়ন দরকার | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.১১] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [১.১১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | দুর্যোগ ঝুঁকিহ্রাস, পূর্ব প্রস্তুতি , পূর্বাভাস ও সতর্কীকরণ পদ্ধতি এবং দুর্যোগ পরবর্তী পুনরূদ্ধার কার্যক্রমে এ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের পেশাদারি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিখা) | [২.১.১] উপকারভোগী | গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণ এ কর্মসূচি নেয়া হয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] গ্রামীণ অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ (টিআর) | [২.২.১] উপকারভোগী | শহর/গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো রক্ষণাবেক্ষণে এ কর্মসূচি নেয়া হয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [২.৩.১] উপকারভোগী | দুর্যোগকালে ও দুর্যোগের অব্যবহিত পরে দুর্দশাগ্রস্ত ও অস্বচ্ছল ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানসমূহে এবং স্বাভাবিক অবস্থায় দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবারসমূহের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে এ কর্মসূচি গৃহীত হয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] অতি দরিদ্র জনগোষ্ঠির জন্য কর্মসংস্থান সৃষ্টি | [২.৪.১] উপকারভোগী | গ্রামীণ এলাকায় অতিদরিদ্রদের কর্মহীন সময়ে বছরে ৪০দিন করে দু'পর্যায়ে ৮০দিনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [২.৫.১] উপকারভোগী | দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার অথবা দুর্যোগে/দুর্ঘটনায় আহত/নিহত ব্যক্তির অস্বচ্ছল পরিবারকে তাৎক্ষণিকভাবে নগদ সাহায্য প্রদান। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/কালভার্ট নির্মাণ | [২.৬.১] নির্মিত ব্রিজ/কালভার্ট | গ্রামীণ এলাকায় জলাবদ্ধতা দূরীকরণের মাধ্যমে দুর্যোগ ঝুঁকিহ্রাস করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৭] বহুমুখী ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [২.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | উপকূলীয় এলাকায় ঘূর্ণিঝড় উপদ্রুত নাগরিকদের এবং বন্যাপ্রবন এলাকায় দুর্গত মানুষের ঝুঁকিহ্রাসের জন্য এ ধরনের আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৮] ভূমিকম্প সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রমের জন্য যন্ত্রপাতি সংগ্রহ | [২.৮.১] সংগৃহিত যন্ত্রপাতি | ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগে উদ্ধার কার্যক্রম ও দুর্যোগের ক্ষয়ক্ষতি কমানোর জন্য যন্ত্রপাতি সংগ্রহ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৯] দুর্যোগ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [২.৯.১] সোলার প্যানেল | বিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানির চাহিদা পূরণ করে গ্রামীণ এলাকায় জনগণের জীবনমান উন্নয়নে সোলার প্যানেল স্থাপন করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.১০] উপকূলীয় এলাকায় ৩০টি মোবাইল স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট সংযোজন | [২.১০.১] সংযোজিত প্ল্যান্ট | উপকূলীয় এলাকায় দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী সময়ে লবণাক্ত পানির পরিবর্তে নিরাপদ লবণাক্ততামুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে মোবাইল স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট সংযোজন করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] দুর্যোগ স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ প্রস্তুত | [৩.১.১] প্রস্তুতকৃত | দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা এবং অন্যান্য সেবা প্রদানের নিমিত্ত স্বেচ্ছাসেবকদের যথার্থ ব্যবহারের জন্য ডাটাবেজ দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (NDMIS) ওয়েবসাইট চালু | [৩.২.১] চালুকৃত ওয়েবসাইট | দুর্যোগ সংক্রান্ত তথ্য অধিকার নিশ্চিত করার জন্য এ ওয়েবসাইট চালু প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] সাইক্লোন শেল্টার ডাটাবেজ প্রস্তুত | [৩.৩.১] প্রস্তুতকৃত | দুর্যোগকালীন আশ্রয় গ্রহনে সহায়তার জন্য এবং আশ্রয়কেন্দ্রগুলির সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সাইক্লোন শেল্টার ডাটাবেজ প্রস্তুত করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] ই-লাইব্রেরি প্রতিষ্ঠা | [৩.৪.১] লাইব্রেরি প্রতিষ্ঠিত | দুর্যোগ সংক্রান্ত বিভিন্ন প্রকার প্রকাশনা এবং তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য ই-লাইব্রেরি প্রতিষ্ঠা করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] ভিডিও কনফারেন্সিং সংযুক্তির মাধ্যমে এনডিআরসিসি শক্তিশালী করণ | [৪.১.১] সংযোজিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম | বিশেষকরে দুর্যোগকালে মাঠ প্রশাসনের সাথে সরাসরি যোগাযোগের লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম সংযুক্ত করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] জরুরি সাড়াদান পরিকল্পনা প্রণয়ন | [৪.২.১] প্রণীত পরিকল্পনা | বন্যা, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন দুর্যোগে ঝুঁকি হ্রাস করার জন্য জরুরি সাড়াদান পরিকল্পনা প্রণয়ন দরকার | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] পরিক্ষামূলক ভাবে অনলাইনে দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ | [৪.৩.১] চাহিদা নিরূপিত আওতাভুক্ত জেলা | দ্রুততম সময়ে দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি ও চাহিদা ডিজিটাল পদ্ধতিতে নিরূপনের জন্য এ ব্যবস্থা চালু করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] মাল্টি হ্যাজারড রিস্ক এন্ড ভালন্যারেবিলিটি এসেসমেন্ট (MRVA) | [৪.৪.১] এসেসমেন্ট রিপোর্ট | দুর্যোগ প্রবণ এলাকার দুর্যোগ ঝুঁকি বিপদাপন্নতা নিরূপণের জন্য মাল্টি হ্যাজারড রিস্ক এন্ড ভালন্যারেবিলিটি এসেসমেন্ট (এমআরভিএ) প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৫] জেলার শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়া আয়োজন | [৪.৫.১] আয়োজিত মহড়া | জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৬] উপকূলীয় এলাকায় আশ্রয়কেন্দ্র ভিত্তিক দুর্যোগ মহড়া আয়োজন | [৪.৬.১] আয়োজিত মহড়া | উপকূলীয় এলাকায় জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন । | ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৭] সিপিপি'র নতুন ইউনিট গঠন ও স্বেচ্ছাসেবক নিয়োগ | [৪.৭.১] নিয়োগকৃত স্বেচ্ছাসেবক | উপকূলীয় এলাকায় দুর্যোগঝুঁকিতে মানুষের সহায়তার জন্য অতিরিক্ত স্বেচ্ছাসেবক নিয়োগ করা প্রয়োজন। | ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৫.১] সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন | [৫.১.১] প্রণীত কর্মপরিকল্পনা | আন্তর্জাতিক পরিমন্ডলে গঠিত সেন্দাই ফ্রেমওয়ার্ক বাংলাদেশে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] সেন্দাই ফ্রেমওয়ার্ক বোধগম্য করার জন্য স্থানীয় ভাষায় অনুবাদ | [৫.২.১] অনুদিত ফ্রেমওয়ার্ক | সেন্দাই ফ্রেমওয়ার্ক এর উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশের মানুষের বোধগম্য করার জন্য বাংলা ভাষায় অনুবাদ করা দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় | উপকারভোগী | সময়মত খাদ্য সরবরাহ নিশ্চিত করা | কর্মসূচিটি খাদ্য সহায়তামূলক | ২০% | উন্নয়ন কার্যক্রম বিলম্বিত হওয়ার সম্ভাবনা আছে এবং খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনাসহ বিপদাপন্নতা বৃদ্ধির সম্ভাবনা আছে |
| বিভাগ | বিদ্যুৎ বিভাগ | সোলার প্যানেল | মানসম্পন্ন সোলার প্যানেল প্রাপ্তি | সোলার প্যানেলের গ্রহণযোগ্য মাত্রায় স্থায়িত্ব নিশ্চিত করা | ২০% | জনগণের আস্থা অর্জন বিঘ্নিত হওয়ার সম্ভাবনা আছে |
| মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয় | আয়োজিত মহড়া ,প্রস্তুতকৃত | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো | দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা | ২০% | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়ার সম্ভাবনা আছে এবং দুর্যোগ সচেতনতা কার্যক্রম বিঘ্নিত হতে পারে |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | প্রস্তুতকৃত ,আয়োজিত মহড়া | উপকূলীয় স্থানীয় জনগণের মহড়ায় অংশগ্রহণ নিশ্চিতকরণ | উপকূলীয় এলাকায় জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন | ২০% | উপকূলীয় এলাকায় দুর্যোগ সচেতনতা ও ঝুঁকিহ্রাস কার্যক্রম বিঘ্নিত হতে পারে |
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | প্রস্তুতকৃত | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো | দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা | ২০% | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়ার সম্ভাবনা আছে |